মেহেরপুরের আমঝুপিতে গরু চুরির হিড়িক

কোরবানি ঈদকে সামনে রেখে মেহেরপুরের বাড়ি বাড়ি গড়ে উঠেছে গরু মোটা তাজা করণ খামার।এই সুযোগে গরু চোরদেরও উৎপাত বেড়েছে।

শুক্রবার দিবাগত মধ্যরাতে সদর উপজেলার আমঝুপি গ্রামের ষষ্টিতলাপাড়া এলাকার প্রবাসি জাকির হোসেনের বাড়ির গোয়ালঘর থেকে ৩ টি গরু চুরি করে নিয়ে যায় চোরের দল। পরে গ্রামের পাশ দিয়ে বয়ে যাওয়া কাজলা নদীর কাঁদায় শুয়ে পড়লে দুটি গরু ফেলে রেখে ১ টি গরু নিয়ে যায়। গরুটির আনুমানিক মুল্য দেড় লক্ষ টাকা বলে জানা গেছে।

এর আগের দিন রাতেও একই পাড়ার রাহিদুল ইসলামের বাড়ি থেকেও ২ দুটি গরু চুরি করে নিয়ে যায়। পরে মাঠ থেকে ১ টি গরু উদ্ধার করা সম্ভব হলেও একটি গরু নিয়ে যায় চোরের দল। গরুটির মুল্য আনুমানিক ১ লক্ষা টাকা বলে জানান গৃহকর্তা রাহিদুল ইসলাম।

এব্যাপারে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, গরু চুরির বিষয় খোঁজ খবর নেওয়া হচ্ছে।

গাঁজাসহ মেহেরপুর শহরের আশিক আটক

১০০ গ্রাম গাঁজাসহ আশিক নামের এক যুবককে আটক করেছে মেহেরপুর সদর ফাঁড়ি পুলিশ। আটক আশিক মেহেরপুর শহরের বেড়পাড়া এলাকার ইদ্রিস আলীর ছেলে।

আজ শনিবার (২৭ মে) ভোররাতের দিকে সদর ফাঁড়ি পুলিশের উপপরিদর্শক (এসআই) নাজমুল হোসেন সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে আটক করেন। এসময় তার বাসত ঘর থেকে ১০০ গ্রাম গাঁজা উদ্ধার হয়।

এসআই নাজমুল বলেন, বাড়িতে গাঁজা রেখেছে এমন সংবাদের ভিত্তিত্বে

তার বাড়িতে অভিযান চালানো হয়।

আটক আশিকের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ শনিবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে কাজী নজরুল ও রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম জয়ন্তী পালন

গাংনীতে প্রেমের কবি, দ্রোহের কবি, সাম্যের কবি, বিদ্রোহী কবি, মানবতার কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্ম জয়ন্তী এবং বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম জয়ন্তী যথাযোগ্য মযার্দায় উদযাপিত হয়েছে।

গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর উদ্যোগে কাজী নজরুল ও রবী ঠাকুরের স্মরণে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (২৫ মে) রাত ৮ টা থেকে রাত ১০ টা পর্যন্ত উপজেলা নিবার্হী অফিসারের সভাকক্ষে বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুলের স্মৃতিচারণ করা হয়।

সাংস্কৃতিক ব্যক্তিত্ব, শিক্ষাবিদ সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা নিবার্হী অফিসার ও উপজেলা শিল্পকলা একাডেমির সভাপতি সাজিয়া সিদ্দিকা সেতু।
গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সিনিয়র সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল

ইসলাম প্রমুখ।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আাওয়ামীলীগের কৃষি বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম শাহ, মুক্তিযুদ্ধের শহীদ স্মৃতি পাঠাগারের সহ সভাপতি ইয়াছিন রেজা, পথিকের পাঠশালা প্রতিষ্ঠানের পরিচালক রফিকুল ইসলাম পথিক, গাংনী সরকারী ডিগ্রী কলেজের প্রভাষক নাসির উদ্দীন, বিআর লাইসিয়াম স্কুলের শিক্ষক মঞ্জুর মুর্শেদ শান্তি, গাংনী উপজেলা কৃষকলীগের সেক্রেটারী মশিউর রহমান পলাশ প্রমুখ।
এসময় আমন্ত্রিত অতিথিবৃন্দ ছাড়াও রাজনৈতিক নেতৃবৃন্দ শিক্ষক শিক্ষিকাবৃন্দ ও গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর শিল্পী কলা কুশলী উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানে গান পরিবেশন করেন,ক্ষুদে গানরাজ উদয়, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, আজিজুল হক রানু, জুলফিকার আলী কানন, শিশু শিল্পী নীরব, সিয়াম প্রমুখ।

শিল্পীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান দর্শক শ্রোতাদের আকৃষ্ট করে।

মেহেরপুরে কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষসহ ৫ জন গ্রেফতার

মেহেরপুর জেলা পুলিশের নিয়মিত ১২ ঘন্টার অভিযানে কলেজ শিক্ষকসহ বিভিন্ন মামলার ৫ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে ৩ আসামি, মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ জন করে গ্রেফতার হন।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন। গ্রেফতারকৃতরা হলেন,

আদালতের পরোয়ানাভূক্ত সিআর ১৯৫/২২ নং মামলার আসামি গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের মৃত আব্দুল মজিদের ছেলে বাঁশবাড়িয়া টেকনিক্যাল কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ ফিদাহ হাসান, সিআর মামলা নং ৩১/২৩ এর আসামি ছাতিয়ান গ্রামের কামাল হোসেনের স্ত্রী রেকছনা খাতুন ও সিআর ৫৬৫/২২ নং মামলার আসামি কাজিপুর গ্রামের মৃত নাজির হোসেনের ছেলে ইউসুফ মন্ডল।

এছাড়া মেহেরপুর সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার একজন ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার এক আসামিকে গ্রেফতার করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আজ শুক্রবার (২৬মে) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করেছে।

মেহেরপুরে ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দলের দুই নেতা আটক/৬টি ককটেল উদ্ধার

মেহেরপুর শহরের শেখপাড়ায় অভিযান চালিয়ে জেলা ছাত্রদল নেতা নাহিদ মাহবুব সানি (৩০) ও স্বেচ্ছাসেবক দল নেতা তারেক হোসেন ওরফে কালুকে আটক করে পুলিশ। এসময় তাদের কাছ থেকে ৬ টি ককটেল উদ্ধার করেছে বলে দাবী পুলিশের।

বৃহস্পতিবার দিবাগত রাতে শহরের শেখপাড়ার একটি পরিত্যক্ত চায়ের দোকানে অভিযান চালিয়ে তাদের আটক করে সদর থানা পুলিশ।

আটকরা হলেন, মেহেরপুর শহরের ৪ নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক শেখপাড়া এলাকার মোতালেব হোসেনের ছেলে মো:

তারেক হোসেন ওরফে কালু ও শহরের বড়বাজার এলাকার মৃত সাইদ মাহবুব জামানের ছেলে মেহেরপুর জেলা ছাত্রদলের সহসভাপতি নাহিদ মাহবুব সানি।

পুলিশ জানায়, ঘটনার সময় শেখপাড়া পরিত্যাক্ত একটি চায়ের দোকানের সামনে বিএনপির ১০থেকে ১২ জন লোক নাশকতার উদ্দ্শে্যে সরকার বিরোধী মিটিং করছিল। এসময় গোপন সংবাদের ভিত্তিত্বে খবর পেয়ে সদর থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) কেএম রেজাউল করিমের নেতৃত্বে পুলিশের একটি টিম সেখানে অভিযান চালান। পুলিশের উপস্থিতি টের পেয়ে ককটেলগুলো ফেলে রেখে সবাই পালিয়ে গেলেও দুই জন আটক হন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, নাশকতার অভিযোগে সন্ত্রাস দমণ আইনে ৬ জন এজাহার নামীয় ও অজ্ঞাত ১০ থেকে ১২ জনকে আসামি করে একটি মামলা দায়ের করা হয়েছে। শুক্রবার দুপুরে আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খান ছাতু বলেন, মিথ্যা ও সাজানো মামলায় বিরোধীদের দমন পিড়নে ব্যস্ত পুলিশ। এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েঅনতিবিলম্বে এই মিথ্যা মামলা প্রত্যাহার ও নি:শর্ত মুক্তি দাবী করেন তিনি।

অনলাইন নিবন্ধনের সনদ পেলো মেহেরপুর প্রতিদিন

এবার অনলাইন নিউজপোর্টালের সনদ পেলে দক্ষিণ পশ্চিমাঞ্চলের জনপ্রিয় পত্রিকা “দৈনিক মেহেরপুর প্রতিদিন”। এই সনদ পাওয়ার মধ্য দিয়ে এই জনপ্রিয় পত্রিকাটি গুনে ও মানে আরো একধাপ এগিয়ে যাবে।

জাতীয় অনলাইন গণমাধ্যম নীতিমালা ২০১৭ (সংশোধিত ২০২০) অনলাইন মিডিয়া কার্যক্রম পরিচালনার জন্য এই প্রতিষ্ঠানটির নিবন্ধন প্রদান করেন জাতীয় তথ্য অধিদপ্তর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।

উল্লেখ্য, মেহেরপুর জেলা থেকে প্রকাশিত এই জনপ্রিয় পত্রিকাটি দায়িত্বশীল বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের কারণে ইতোমধ্যে সকলের কাছে সমাদৃত হয়েছে, পেয়েছে পাঠক প্রিয়তা। মেহেরপুর প্রতিদিনের প্রিন্ট পত্রিকার সাথে সাথে অনলাইন পোর্টালও দিন দিন জনপ্রিয়তা পাচ্ছে। প্রতিনিয়ত দেশ এবং দেশের বাইরে থেকেও নতুন নতুন পাঠক সংযুক্ত হচ্ছে অনলাইন ফোরামে।

পত্রিকাটি প্রতিনিয়ত এলাকার উন্নয়ন, সমস্যা, সম্ভাবনা, ইতিহাস, ঐতিহ্য তুলে ধরে আর পাঠকপ্রিয়তা অর্জন করবে।

মেহেরপুরের ৬ শিক্ষককে চাকুরীচ্যুত করার নির্দেশ

জাল সনদে নিয়োগ পাওয়া ৬৭৮ শিক্ষকের মধ্যে মেহেরপুর জেলার ৪ প্রতিষ্ঠানের ৬ শিক্ষকও রয়েছে। তাদেরকে চাকরিচ্যুত করার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে জাল সনদধারীদের বিরুদ্ধে ফৌজদারি মামলা করতেও বলেছে মন্ত্রণালয়।

মেহেরপুর জেলার ৬ শিক্ষকের মধ্যে রয়েছেন, সদর উপজেলার আমঝুপি এআরবি কলেজের যুক্তিবিদ্যার প্রভাষক ফাতেমা মহতাসিমা (ইনডেক্স নং ৩০৮২১৫৮), মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের কম্পিউটার শিক্ষক মুজিবুর রহমান (ইন্ডেক্স নং ১০৫৭৮৪৯), গাংনী উপজেলার বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজের কম্পিউটার শিক্ষক আরেফিন ইসলাম (ইন্ডেক্স নং ২০১০৫৪০), একই প্রতিষ্ঠানের কলেজ শাখার তথ্য ও প্রযুক্তি শিক্ষার শিক্ষক প্রভাষক মাহমুদ হাসান ও প্রদর্শক কম্পিউটার জাহাঙ্গীর আলম এবং সাহেবনগর বহুমুখি উচ্ছ মাধ্যমিক বিদ্যালয়ের কম্পিউটার শিক্ষক কাফুর উদ্দীন।

সূত্র ডিআইএ এর পত্র নং ৩৭.১৯.০০০০.০৬১.১৬.০৪৩.২৩ তাং ০৮/০১/২০২৩ স্বারকে শিক্ষা মন্ত্রণালয় কয়েক দিন আগে চিঠি দিয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরকে (মাউশি) এই ব্যবস্থা নিতে বলেছে। সেই সাথে সাত ধরনের ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে চিঠিতে।

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সংস্থা পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের (ডিআইএ) যাচাই-বাছাইয়ে এসব জাল সনদধারী শিক্ষক চিহ্নিত করা হয়। এরপর গত ফেব্রুয়ারিতে সনদ প্রদানকারী দপ্তর প্রধান বা প্রতিনিধির সমন্বয়ে অভিযুক্ত শিক্ষক-কর্মচারীদের সনদ যাচাই করে জাল সনদের তালিকা চূড়ান্ত করা হয়। তার আলোকে এখন এসব শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

ব্যবস্থার অন্যান্য নির্দেশনার মধ্যে আরও রয়েছে অবৈধভাবে গ্রহণ করা বেতন-ভাতা সরকারি কোষাগারে জমা, যাঁরা অবসরে গেছেন তাঁদের অবসর সুবিধা বাতিল, স্বেচ্ছায় অবসরে যাওয়া শিক্ষক-কর্মচারীদের আপত্তির টাকা প্রধান শিক্ষক বা অধ্যক্ষের মাধ্যমে আদায় এবং জাল সনদধারীদের নিয়োগ কার্যক্রমের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া।

এ ব্যাপারে গাংনী উপজেলার সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রশিদ ও বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক সিরাজুল ইসলাম বলেন, আমরা বিভিন্ন অনলাইনের মাধ্যমে এই খবরটি জেনেছি। কিন্তু সরকারিভাবে এখন পর্যন্ত আমাদের কাছে কোনো চিঠিপত্র আসেনি। সরকারিভাবে বা বোর্ড কর্তৃক কোনো চিঠি পত্র পেলে ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে সাহেবনহর মাধ্যমিক বিদ্যালয়ের অভিযুক্ত শিক্ষক কাফুর উদ্দীন বলেন, আমি নট্রামস কর্তৃক কম্পিউটার সনদ নিয়েছি। আমাকে ২০১৩ সালে একবার ধরেছিল সেখানে আমার এই সনদ দেখিয়ে রেহায় পেয়েছি। এবার আমার এই সনদকে জাল বললে আমি আইনের আশ্রয় নেবো। কারন, এর সাথে আমার মান ইজ্জত জড়িয়ে আছে।

এআরবি কলেজের অধ্যক্ষ হাবিবুর রহমান বলেন, যুক্তিবিদ্যার শিক্ষক ফাতেমা মহতাসিমা ২০১০ সালে এই কলেজে যোগদান করেন। বিষয়টি জানার পরে ২০১৮ সালে তাকে সাসপেন্ড করা হয়। তারপর থেকে সে কলেজে আসেননি। আগামি শনিবার (২৭ মে) ব্যবস্থাপনা কমিটির মিটিং ডাকা হয়েছে। ওই দিন তার বিরুদ্ধে চুড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্বাছ উদ্দীন বলেন, আমাদের অফিসিয়ালভাবে এখনো কোনো নির্দেশনা আসেনি। তবে, যাদের বিরুদ্ধে জাল সনদে চাকুরীর অভিযোগ আছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া ও বেতন ভাতার সমুদয় টাকা ফেরত দেওয়ার নির্দেশনা আসছে। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদেরও নির্দেশনা দিয়েছে

কর্তৃপক্ষ।

মুজিবনগরে বিদ্যালয় পরিচালনা কমিটির সভা

মুজিবনগরে উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা কমিটির সাথে সভা এবং মাধ্যমিক বিদ্যালয় ও শিক্ষকদের নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অর্জনের জন্য পুরস্কার প্রদান করেছে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি।

আজ বৃহস্পতিবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, অফিস হল রুমে এই সভা ও পুরস্কার বিতরণের আয়োজন করা হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় এবং গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম।

সভায় উপজেলা ১০ টি স্কুলের প্রধান শিক্ষক,১ জন সহকারি শিক্ষক এবং ১ জন এসএমসি সদস্য অংশ গ্রহন করেন। নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অর্জনের জন্য মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয় কে পুরস্কৃত করা হয়।

সেই সাথে উপজেলার ভালো শিক্ষক হিসেবে অসামান্য অবদানের রাখার জন্য মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম কে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, আনন্দবাস মিয়া মুনসুর একাডেমীর রাসেল উদ্দিনকে শ্রেষ্ঠ সহকারী শিক্ষক এবং আদর্শ মাধ্যমিক

বিদ্যালয় শিবপুরের তানিয়া আক্তারকে শ্রেষ্ঠ সহকারী শিক্ষকের পুরস্কার প্রদান করা হয়।

সেই সাথে অংশগ্রহণকারী সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের হাতে বিশেষ পুরস্কার তুলে দেওয়া হয়।

গাংনীর মটমুড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের মেম্বর পলি আরা

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপনির্বাচনে প্রয়াত মেম্বর আব্দুস সোবহানের স্ত্রী মোছা: পলি আরা খাতুন (মোরগ প্রতীকে) ২৬০৮ ভোট পেয়ে বেসরকারিভাবে সাধারণ সদস্য (মেম্বর) নির্বাচিত হয়েছেন। তার একমাত্র প্রতিদ্বন্দ্বী মো: কামাল হোসেন টিউবওয়েল প্রতীকে পেয়েছেন ৬৫১ ভোট। মোট ভোট প্রদান হয়েছে ৩১৫৯।

এই ওয়ার্ডে মোট ভোটার সংখ্যা ছিল ৬৩৯৭ জন। এদের মধ্যে নারী ভোটার সংখ্যা ৩১৮২ এবং পুরুষ ভোটার সংখ্যা ৩২১৫ জন।

উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ওই ওয়ার্ডের মেম্বর আব্দুস সোবহান নিজ বাড়িতে হলুদ সিদ্ধ করতে গিয়ে গরম পানির কড়াইয়ের মধ্যে পড়ে ঝলসে যায়। ঢাকা শেখ হাসিনা বার্ন হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় মারা যান তিনি। পরে এই ওয়ার্ডটি শুন্য ঘোষণা করেন নির্বাচন কমিশনার।

মেহেরপুরে ১৫২ কৃষক পেলো

স্প্রে মেশিন

মেহেরপুর সদর উপজেলার ১৫২ জন কৃষকের মাঝে স্প্রে মেশিন বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৫ মে) দুপুরের দিকে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে এই স্প্রে মেশিন বিতরণ করেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সহসভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।

সদর উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান আবুল হাসেমের সভাপতিত্বে অনুষ্ঠিত স্প্রে মেশিন বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান লতিফন নেছা লতা, সদর উপজেলা সহকারি কৃষি অফিসার আবু সালেহসহ অন্যান্যরা।

২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপির) অর্থায়নে ১৫২ জন কৃষকের মাঝে স্প্রে মেশিন বিতরণ করা হয়।